# জুলাই শহীদ দিবস- ২০২৬ উদযাপন

হাজেরা-তজু ডিগ্রি কলেজে সাহিত্য ও সংস্কৃতি কমিটির উদ্যোগে জুলাই শহীদ দিবস ২০২৬ উপলক্ষে আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় । উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অত্র কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোহাম্মদ অহিদুল আলম। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কুরআন থেকে তেলওয়াত করেন দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী মোহাম্মদ ফাহিম মুনতাসীর, শুভেচ্ছা বক্তব্য নিয়ে আসেন সাহিত্য ও সংস্কৃতি কমিটির আহবায়ক জনাব বেগম হামিদা ইয়াসমিন নুর, শিক্ষকদের পক্ষ থেকে বক্তব্য রাখেন সহকারী অধ্যাপক জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন, প্রাক্তন অধ্যক্ষ ও পরামর্শক জনাব এ কে এম ইসমাইল, প্রাক্তন অধ্যক্ষ ও পরামর্শক জনাব কুতুব উদ্দীন, উপাধ্যক্ষ জনাব রতন কুমার শীল, সভাপতির বক্তব্য রাখেন অত্র কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোহাম্মদ অহিদুল আলম।

রচনা প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেছে দ্বাদশ শ্রেণির বিজ্ঞান বিভাগের ছাত্রী আশপিয়া আকতার চৌধুরী, দ্বিতীয় স্থান অধিকার করেছে দ্বাদশ শ্রেণির বিজ্ঞান বিভাগের ছাত্রী স্নিগ্ধ সাহা এবং তৃতীয় স্থান অধিকার করেছে দ্বাদশ শ্রেণির বিজ্ঞান বিভাগের ছাত্র আতহারুল ইসলাম আবির।

অনুষ্ঠান শেষে শহীদের আত্মার মাগফেরাত কামনা করে মুনাজাত পরিচালনা করেন অত্র কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোহাম্মদ অহিদুল আলম।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন প্রভাষক জনাব তাসমি সুলতানা, সার্বিক দায়িত্বে ছিলেন সাহিত্য ও সংস্কৃতি কমিটির আহবায়ক জনাব বেগম হামিদা ইয়াসমিন নুর ও সকল সদস্য।








